গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	নাজমুল আহসান সচিব
সভার তারিখ	০৩ ডিসেম্বর ২০২৩
সভার সময়	বেলা ১১.০০ টা।
স্থান	সভাকক্ষ, পানি সম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক-তে সংযুক্ত।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতির বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গ, জাতীয় চার নেতা, স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণকারী মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা অর্পণ করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে এ মন্ত্রণালয়ের করণীয় বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন)-কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুরোধ করেন। যুগ্মসচিব (প্রশাসন) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ০১ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচি উপস্থাপন করেন।

২। জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে এ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	তারিখ ও সময়	গৃহীত কর্মসূচি	বাস্তবায়নে
০১.	১৬/১২/২০২৩	বিভাগীয়/জেলা পর্যায়ে মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থা/দপ্তরের ভবনে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন (পতাকা বিধি অনুযায়ী) ।	সকল সংস্থা
০২.	১৬/১২/২০২৩	গুরুত্বপূর্ণ সরকারি স্বায়ত্তশাসিত সংস্থা/দপ্তরের সংশ্লিষ্ট ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা।	সকল সংস্থা
০৩.	১৬/১২/২০২৩ (সকাল ১১.০০ ঘটিকা)	পানি সম্পদ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ঢাকাস্থ সংস্থা/দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ।	পাসম এবং সকল সংস্থা
০৪.	১৬/১২/২০২৩ (বাদ যোহর)	শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/বীর মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সকল জেলা অফিস মসজিদে বিশেষ মোনাজাতের আয়োজন।	বাপাউবো
০৫.	১৬/১২/২০২৩ (বিকাল ৩.০০ ঘটিকা)	বাপাউবোর আবাসিক এলাকায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের ছেলেমেয়েদের অংশগ্রহণে বিভিন্ন খেলাধুলার আয়োজন।	বাপাউবো

০৬.	১৬/১২/২০২৩ (জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত সময়ে)	জেলা পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে সংশ্লিষ্ট জেলার সংস্থা/দপ্তরের কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ।	বাপাউবোর মাঠ পর্যায়ের দপ্তরসমূহ

০৩। পরিশেষে সভাপতি মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচিতে সকল কর্মকর্তা/কর্মচারীগণ-কে অংশগ্রহণের আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.২৩.০৬৯.২২.৮০৭

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪৩০
০৬ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
২) .....কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।
৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭) ..... কর্মচারী (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আ স ম সুজা
সহকারী সচিব